গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আইনউদ্দীন কলেজ
মধুখালী, ফরিদপুর
www.ainuddincollege.edu.bd
Email: prin_gacoll@yahoo.com, ফোন ঃ 02478806698

বিজ্ঞপ্তি নং- ৩৫ তারিখঃ ০৩/০৪/২০২৩খ্রি:

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি আইনউদ্দীন কলেজ, মধুখালী, ফরিদপুর এ প্রথম বর্ষ (স্নাতক সম্মান) শ্রেণিতে নিম্নোক্ত বিষয়সমূহে ভর্তির জন্য শিক্ষার্থীদের কাছ থেকে প্রাথমিক আবেদন আহ্বান করা হচ্ছে।

বাংলা, ইংরেজি ও হিসাববিজ্ঞান

আবেদন যোগ্যতা ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions এর prospectus (Honours)/Important Notice থেকে জানা যাবে।

আবেদন শুরুর তারিখ : ০৫ এপ্রিল ২০২৩ (বিকাল ৪.০০ টা)
আবেদনের শেষ তারিখ : ০৮ মে ২০২৩
ফি জমাদানের শেষ তারিখ : ০৯ মে ২০২৩
আবেদন ফি : ২৫০/- টাকা
আবেদনের লিঙ্ক: www.nu.ac.bd/admissions

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২১/২০২২ সালের HSC/ সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের SSC / সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২ সালের HSC/সমমান পরীক্ষা (৪র্থ বিষয়সহ) এবং ২০১৯/২০২০ সালের SSC/সমমান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

আবেদন করার নিয়ম:

ক) প্রাথমিক আবেদন ফরম পূরণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট www.nu.ac.bd/admissions Tab এ Apply Now(Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে উল্লেখিত তথ্য ছক পূরণ করতে হবে।

খ) সতর্কতার সাথে ছবি আপলোড করতে হবে এবং সঠিক মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য ভুল ছবি আপলোড করলে শিক্ষার্থীর ভর্তি বাতিল হবে। সতর্কতার সাথে তথ্য ছক পূরণপূর্বক ছবি আপলোড করে pdf ফরম্যাটে ফরমটি download করে প্রিন্ট পূর্বক কলেজে জমা দিতে হবে।

গ) আবেদন করার সময় শিক্ষার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি (১২০x১৫০) pixel, Type: jpg maximum file ৫০kb)স্ক্যান করে আপলোড করতে হবে।

ফরম প্রিন্ট ও জমা:

ক) আবেদনকারীকে প্রিন্ট করা ফরমে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

খ) আবেদনপত্রের সাথে ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্রের ১টি করে ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

ভর্তি সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ করুন: ০১৭৩৭৫১৪২৫৬ সকাল ৯ টা হতে বিকাল ৪ টা।

০৩.৪.২০২৩
প্রফেসর মো: নাজমুল হক(৬৬০১)
অধ্যক্ষ
সরকারি আইনউদ্দীন কলেজ
মধুখালী, ফরিদপুর।

বিস্তারিত কলেজের ফেসবুক পেজ:
https://www.facebook.com/www.ainuddincollege.edu.bd
কলেজের ওয়েব সাইট:
https://www.ainuddincollege.edu.bd
হতে জানা যাবে

০৩/০৪/২০২৩
আহবায়ক
স্নাতকসম্মান ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২২-২০২৩
সরকারি আইনউদ্দীন কলেজ
মধুখালী, ফরিদপুর।